

সমব্যাপ

চবিতে দুই গ্রন্থে সংঘর্ষ

সহকারী প্রষ্টরকে রামদা দেখাল ছাত্রলীগ

প্রকাশ: ০৩ ডিসেম্বর ২২ | ২২:৫৯ | আপডেট: ০৪ ডিসেম্বর ২২ | ০০:০৮

চবি প্রতিনিধি



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের দুই গ্রন্থের মধ্যে সংঘর্ষ হয়েছে। গত শুক্রবার রাতের এ ঘটনায় উভয়পক্ষের অন্তত আটজন আহত হয়েছেন। এএফ রহমান হলে দেয়াল লিখন নিয়ে এ ঘটনা ঘটে। এ সময় বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রষ্টর শাহরিয়ার বুলবুলের দিকে একটি গ্রন্থ রামদা নিয়ে তেড়ে আসে।

ক্যাম্পাস সূত্রে জানা যায়, এএফ রহমানের দেয়ালে 'বিজয়' গ্রন্থের নাম লেখা ছিল। সেই নাম মুছে 'ভার্সিটি এক্সপ্রেস (ভিএক্স)' গ্রন্থের নাম লেখা নিয়ে শুক্রবার রাত ৯টার দিকে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে। পরে রাত আড়াইটায় প্রষ্টরিয়াল বডি ও পুলিশের সহায়তায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

চবির হলগুলো মূলত চবি ছাত্রলীগের ১১টি গ্রন্থ নিয়ন্ত্রণ করে। দীর্ঘদিন এএফ রহমান হলে আধিপত্য বিস্তার করে আসছেন বিজয় গ্রন্থপের নেতাকর্মীরা। পুরো হলের দেয়ালজুড়ে 'বিজয়' লেখা ছিল। কিন্তু হলের ভিএক্স গ্রন্থপের নেতাকর্মীরা বিজয় লেখা মুছে নিজেদের গ্রন্থপের নাম লিখতে গেলে দু'পক্ষের মধ্যে বাগ্বিতঙ্গ হয়। এক পর্যায়ে শুক্ৰবার রাত ৯টার দিকে দু'পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে। পরে ভিএক্সের নেতাকর্মীরা এএফ রহমান হল দখলে নেন।

বিজয় গ্রন্থপের নেতা ও শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ ইলিয়াছ বলেন, ভিএক্স গ্রন্থপের নেতাকর্মীরা পরিকল্পিতভাবে সংঘর্ষ বাধায়। ভিএক্স গ্রন্থপের নেতা ও শাখা ছাত্রলীগের সহসভাপতি প্রদীপ চক্ৰবৰ্তী বলেন, বিজয় গ্রন্থপের নেতাকর্মীরা হামলা করলে প্রতিহত করি। সহকারী প্রষ্ঠের শহিদুল ইসলাম বলেন, তাঁকে দেখে রামদা হাতে নিয়ে এক গ্রন্থ তেড়ে আসে। পরে পরিচয় পেয়ে চলে যায়।

© সমকাল ২০০৫ - ২০২২

ভারপ্রাণ সম্পাদক : মোজাম্মেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com